দৈনিক
ইত্তেফাক

তারিখ ...02 JUN 2015......
পৃষ্ঠা ...৩... কলাম ...৬......

# ঢাবিতে ক্যাম্পাস তথ্য প্রযুক্তি উৎসব সমাপ্ত

## বিনামূল্যে শিক্ষার্থীদের ৫০টি ল্যাপটপ প্রদান

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে তথ্য-প্রযুক্তির জ্ঞান ছড়িয়ে দেয়ার মাধ্যমে তাদের জ্ঞানকে আরো উন্নত করে তোলার অঙ্গীকারের মাধ্যমে শেষ হলো চতুর্থ ক্যাম্পাস তথ্য-প্রযুক্তি উৎসব। তথ্য ও যোগাযোগ মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির (ডিইউআইটিএস) যৌথ উদ্যোগে দুই দিনব্যাপী এই আয়োজনে সারাদেশের ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানের হাজারো শিক্ষার্থী অংশ নেয়। গতকাল সোমবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) এ উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এসময় তিনি শিক্ষার্থীদের মাঝে ৫০টি ল্যাপটপ বিতরণ করেন।

ডিইউআইটিএসের মডারেটর ও ঢাবি টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এক্সিম ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর ড. মোহাম্মদ হায়দার আলী মিয়া, ডেল-এর কান্ট্রি ডিরেক্টর আতিকুর রহমান, ডিইউআইটিএসের অ্যাডভাইজার ও সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক ড. মামুনুর রশীদ, ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইন্সটিটিউটের পরিচালক ও ডিইউআইটিএসের উপদেষ্টা ড. কাজী মুহাইমিন আস সাকিব প্রমুখ।

জুনাইদ আহমেদ পলক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ ডিজিটাল হয়ে উঠছে এবং এতে অগ্রণী ভূমিকা পালন করছে দেশের তরুণ সমাজ। সরকারের উদ্যোগে ইতোমধ্যে সারাদেশে প্রায় ৫শ শিক্ষার্থীর মধ্যে বিনামূল্যে ল্যাপটপ দেয়ার উদ্যোগ নেয়া হয়েছে এবং এই উদ্যোগ সামনের দিনে আরো বৃদ্ধি পাবে।

শফিউল আলম ভূঁইয়া বলেন, বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে হলে আইটির সঠিক ব্যবহার অত্যন্ত-গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছে। এজন্য এগিয়ে আসতে হবে তরুণদের। তরুণরা যদি আইটির সঠিক ব্যবহার করে তবেই এগিয়ে যাবে বাংলাদেশ। অনুষ্ঠানে কয়েকজন শিক্ষার্থীর হাতে ল্যাপটপ তুলে দেন প্রতিমন্ত্রী। এছাড়া বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে প্রায় তিন লাখ টাকা সমমূল্যের পুরস্কার তুলে দেন অতিথিরা।